গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাইকগাছা, খুলনা।
http://paikgasa.khulna.gov.bd

# ফেব্রুয়ারি/২০১৮ মাসের পাইকগাছা উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ ফকরুল হাসান<br>উপজেলা নির্বাহী অফিসার<br>পাইকগাছা, খুলনা। |
| তারিখ | : | ১৯ ফেব্রুয়ারি, ২০১৮ |
| স্থান | : | উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ। |

***উপস্থিতি: পৃথক রেজিস্টারে সংরক্ষিত।***

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি তার সূচনা বক্তব্যে বলেন, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ আমাদের লক্ষ্য। সেই লক্ষ্য আমাদের সকলকে একযোগে কাজ করতে হবে। তিনি আরো বলেন, আমাদের মোট ৩৮ টি (১ টি উপজেলা, ২৭ টি বিভাগীয় এবং ১০ টি ইউনিয়ন) ওয়েব পোর্টাল রয়েছে। এগুলির টেকনিক্যাল ত্রুটি কম থাকলেও এটি তেমন মানসম্পন্ন ও ব্যবহারকারী-বান্ধব নয়। সভাপতি সকল বিভাগীয় কর্মকর্তাগণকে তার দপ্তরের সেবাসমূহকে ডিজিটাল পদ্ধত্তিতে দেওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি আরো বলেন, ইউডিসিগুলোর কার্যক্রম তেমন সন্তোষজনক নয়, কোন কোনটির জন্য খুবই হতাশাব্যঞ্জক। তিনি আরো বলেন যে সকল ইউডিসিতে মহিলা উদ্যোক্তা নেই সেখানে দ্রুত মহিলা উদ্যোক্তা নিয়োগের জন্য বলা হয়। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে বিষয়ভিত্তিক নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গ্রহণ করা হয়:

| ক্রম | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | উপজেলা এবং বিভাগীয় দপ্তরের ওয়েব পোর্টালের উন্নয়ন। | (ক) উপজেলা এবং বিভাগীয় ওয়েব পোর্টালের সকল তথ্য নতুন ফ্রেমওয়ার্কে বাংলা এবং ইংরেজী ভাষায় হালনাগাদ করতে হবে।<br>(খ) পোর্টালটি দৃষ্টি নন্দন করতে হবে। ছবিসমূহ মানসম্পন্ন ও প্রতিনিধিত্বশীল হতে হবে। ফটো গ্যালারি আপডেটেড থাকতে হবে।<br>(গ) নোটিশ ও খবর নিয়মিত আপলোড করতে হবে।<br>উপর্যুক্ত বিষয়ে সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করবেন। | (ক) সহকারী প্রোগ্রামার আইসিটি অধিদপ্তর।<br>(খ) সকল বিভাগীয় অফিসার। |
| ০২ | ইউনিয়ন ওয়েব পোর্টালসমূহের উন্নয়ন। | (ক) ইউনিয়ন ওয়েব পোর্টালের সকল তথ্য নতুন ফ্রেমওয়ার্কে বাংলা এবং ইংরেজী ভাষায় হালনাগাদ করতে হবে। হালনাগাদ করার জন্য এটুআই এর গাইডলাইন অনুসরন করতে হবে।<br>(খ) পোর্টালসমূহ দৃষ্টি নন্দন করতে হবে। ছবিসমূহ মানসম্পন্ন ও প্রতিনিধিত্বশীল হতে হবে। ফটো গ্যালারি আপডেটেড থাকতে হবে।<br>(গ) নোটিশ ও খবর নিয়মিত আপলোড করতে হবে।<br><br>উপর্যুক্ত বিষয়ে সহকারী প্রোগ্রামার নিয়মিত পর্যবেক্ষণ করবেন। | (ক) ইউপি সচিব (সকল)।<br>(খ) ইউডিসি উদ্যোক্তা (সকল)। |
| ০৩ | ইউডিসি কার্যক্রম। | (ক) ইউডিসি উদ্যোক্তাগণ নিয়মিত আয় ও সেবার তথ্য একসেবা মনিটরিং টুলে নিয়মিত আপলোড করবেন। অনলাইন ব্যবস্থা কাজ না করলে ম্যানুয়ালি আয় ও সেবার তথ্য উপজেলায় প্রেরণ করবে।<br>(খ) ইউডিসিগুলোকে আইসিটি প্রশিক্ষণ কেন্দ্র হিসাবে গড়ে তুলতে হবে।<br>(গ) প্রতিটি ইউডিসিতে একজন পুরুষ এবং একজন নারী উদ্যোক্তা থাকতে হবে।<br>(ঘ) ইউডিসিগুলোকে সেবার মান ও পরিমাণ উভয়ই বৃদ্ধি করতে হবে। | (ক) সহকারী প্রোগ্রামার আইসিটি অধিদপ্তর।<br>(খ) ইউপি সচিব (সকল)।<br>(গ) ইউডিসি উদ্যোক্তা (সকল)। |
| ০৪ | শিক্ষা প্রতিষ্ঠানের শেখ রাসেল ডিলিটাল ল্যাব অধিকতর সক্রিয়করণ। | আইসিটি অধিদপ্তর কর্তৃক পাইকগাছা উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিলিটাল ল্যাব ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন করা হয়েছে। এই ল্যাবগুলির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে। ল্যাবগুলিতে ব্যাচকরে প্রশিক্ষণ প্রদান করতে হবে। প্রশিক্ষণ প্রদানের প্রতিবেদন প্রতিমাসে প্রেরণ নিশ্চিত করতে হবে। | (ক )সহকারী প্রোগ্রামার আইসিটি অধিদপ্তর।<br>(খ) অধ্যক্ষ, পাইকগাছা/ফসিয়ার রহমান মহিলা কলেজ।<br>(গ) প্রধান শিক্ষক, শহীদ |

| | | | |
|---|---|---|---|
| | | | কামরুল মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়<br>(ঘ) কপিলমুনি জাফর আউলিয়া ফাজিল মাদ্রাসার |
| ০৫ | মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন | পাইকগাছা উপজেলায় ৫২ টি প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম রয়েছে। জানুয়ারি মাসের অনলাইন প্রতিবেদনে দেখা যায় যে ৩৫ টি প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাস হয় নাই বা আপলোড করেন নাই। সংশ্লিষ্ট সকলকে অনলাইনে আপলোড নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবং সকল বিভাগীয় কর্মকর্তাগণ নিয়মিতভাবে মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন করবেন এবং পরিদর্শন প্রতিবেদন দাখিল করবেন। | (ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।<br>(খ) সকল বিভাগীয় অফিসার।<br>(গ)সহকারী প্রোগ্রামার আইসিটি অধিদপ্তর। |
| ০৬ | ই-নথি বাস্তবায়ন সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ই-নথি কার্যক্রম চলমান আছে। সহকারী কমিশনার (ভূমি), সমাজসেবা, মাধ্যমিক শিক্ষা এবং শিক্ষা অফিস পাইকগাছা এর কার্যালয়ে লাইভে দেওয়া হয়েছে। দ্রুত নথি কার্যক্রম শুরু করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে।<br><br>নথি বিষয়ে সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করবেন। | (ক) সহকারী কমিশনার (ভূমি)<br>(খ)উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।<br>(গ) সমাজসেবা অফিসার।<br>(ঘ) উপজেলা শিক্ষা অফিসার। |
| ০৭ | ন্যাশনাল নেটওয়ার্কের ব্যবহার নিশ্চিতকরণ সংক্রান্ত | পাইকগাছা উপজেলা সকল বিভাগীয় দপ্তরকে ন্যাশনাল নেটওয়ার্কের ব্যবহার নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। কোন দপ্তরের নেটওয়ার্ক ঠিক না থাকলে সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করবেন। | (ক) সহকারী প্রোগ্রামার আইসিটি অধিদপ্তর।<br>(খ) সকল বিভাগীয় অফিসার। |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

মোঃ ফকরুল হাসান
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা, খুলনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাইকগাছা, খুলনা।
http://paikgasa.khulna.gov.bd

স্মারকনং- ০৫.৪৪.৪৭৬৪.০০১.৭৫.০০১.২০১৭- তারিখঃ ২০.০২.২০১৮

বিতরণঃ সদয় জ্ঞাতার্থ/ জ্ঞাতার্থে ও কার্যার্থ-

১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২। জেলা প্রশাসক, খুলনা।
৩। চেয়ারম্যান, পাইকগাছা উপজেলা পরিষদ।
৪। সহকারী কমিশনার (ভূমি),পাইকগাছা, খুলনা।
৫। উপজেলা ........................কর্মকর্তা, পাইকগাছা, খুলনা।
৬। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার.......................................পাইকগাছা, খুলনা।
৭। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), পাইকগাছা, খুলনা।

উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা, খুলনা।
ফোন-০৪০২৭-৫৬০০১